



পত্র নং-৫৮.০৪.০০০০.০২১.০৩.০০৮.১৯- ২৭৯

তারিখঃ ১৬ চৈত্র ১৪২৭  
৩০ মার্চ ২০২১


বিষয়ঃ জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত কমিটির সভার কার্যবিবরণী

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত কমিটির সভা অনুষ্ঠানের তারিখ ও সময়ঃ ১৫-০৩-২০২১, সকালঃ ১১:০০ ঘটিকা।  
সম্মেলন কক্ষ, কারা অধিদপ্তর, ঢাকা।

কারা মহাপরিদর্শক ব্রিগেডিয়ার জেনারেল মোঃ মোমিনুর রহমান মামুন এর সভাপতিত্বে কারা অধিদপ্তরের কমিটির সকল সদস্যের উপস্থিতিতে শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটির সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় যে সকল বিষয়াদি সম্পর্কে বিস্তারিত আলোচনা হয়েছে তা নিম্নে বিবৃত করা হলোঃ

ক্রঃ নং	আলোচ্য বিষয়সমূহ	গৃহীত সিদ্ধান্তসমূহ	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ	মন্তব্য
১.	বিভিন্ন শাখায় নিয়োজিত কর্মকর্তা/কর্মচারীদেরকে সরকারি গোপন আইন, ১৯২৩ এর আলোকে দপ্তরের বিভিন্ন শাখা ও শাখার বাইরে তথ্য পাচার রোধে সচেতন হওয়ার জন্য বিস্তারিত আলোচনা করা হয়।	বিভিন্ন শাখায় নিয়োজিত কর্মচারীদেরকে শাখা ও শাখার বাইরে তথ্য পাচার রোধকল্পে সিদ্ধান্ত গৃহীত হয়।	সহকারী কারা মহাপরিদর্শক (সকল) ও শাখা প্রধান (সকল)।	বাস্তবায়িত
২.	কারা অধিদপ্তরের বিভিন্ন শাখায় ব্যবহৃত কম্পিউটারে কোন ত্রুটি-বিচ্যুতি দেখা দিলে সংশ্লিষ্ট শাখা প্রধান আইসিটি (ICT) শাখা দ্বারা মেরামতের ব্যবস্থা করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	কারা অধিদপ্তরের বিভিন্ন শাখায় ব্যবহৃত কম্পিউটারে কোন ছোটখাটো ত্রুটিবিচ্যুতি দেখা দিলে আইসিটি (ICT) শাখা দ্বারা মেরামতের ব্যবস্থা করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	ভারপ্রাপ্ত কর্মকর্তা আইসিটি সেল।	বাস্তবায়িত
৩.	কারা বিভাগের অতীব গুরুত্বপূর্ণ ও নীতি নির্ধারনী সার্কুলার ও চিঠিপত্র দীর্ঘমেয়াদী সংরক্ষণার্থে বই আকারে প্রকাশ করে তা সংরক্ষণের বিষয়ে আলোচনা করা হয়।	কারা বিভাগের অতীব গুরুত্বপূর্ণ ও নীতি নির্ধারনী সার্কুলার ও চিঠিপত্র দীর্ঘমেয়াদী সংরক্ষণার্থে বই আকারে প্রকাশ করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	প্রশাসনিক কর্মকর্তা	বাস্তবায়িত
৪.	মাঠ পর্যায় থেকে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত মাসিক প্রতিবেদন নিয়মিত সংগ্রহ করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	মাঠ পর্যায় থেকে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত মাসিক প্রতিবেদন নিয়মিত সংগ্রহ করে সংরক্ষণ করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	শাখা প্রধান (প্রশাসন শাখা)।	বাস্তবায়িত

২। পরিশেষে সকলকে অত্যন্ত নিষ্ঠার সাথে দাপ্তরিক কাজ সম্পন্ন করার পরামর্শ প্রদান করে সভার কাজ সমাপ্তি ঘোষণা করা হয়।



মোঃ আবরার হোসেন

কর্নেল


অতিরিক্ত কারা মহাপরিদর্শক

পক্ষে - কারা মহাপরিদর্শক

addl.ig@prison.gov.bd

অনুলিপি কার্যার্থে/জ্ঞাতার্থেঃ

- ১। কমান্ড্যান্ট, কারা প্রশিক্ষণ একাডেমী, রাজশাহী।
- ২। সহকারী কারা মহাপরিদর্শক (সকল), কারা অধিদপ্তর, ঢাকা।
- ৩। প্রশাসনিক কর্মকর্তা-১/২, বাজেট অফিসার, স্টাফ অফিসার, পরিসংখ্যানবিদ, কারা অধিদপ্তর, ঢাকা।
- ৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারা অধিদপ্তর, ঢাকা। স্মারকটি কারা অধিদপ্তরের নিজস্ব ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
- ৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা, প্রিজন্স ইন্টেলিজেন্স ইউনিট, কারা অধিদপ্তর, ঢাকা।
- ৬। শাখা প্রধান, সকল শাখা, কারা অধিদপ্তর, ঢাকা।
- ৭। ব্যক্তিগত সহকারী, কারা অধিদপ্তর, ঢাকা। কারা মহাপরিদর্শক, অতিরিক্ত কারা মহাপরিদর্শক এবং কারা উপ-মহাপরিদর্শক, সদর দপ্তর (অঃদাঃ) মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ৮। গার্ড ফাইল।

  
৩০/৩/২০২১

মোঃ মাইন উদ্দিন ভূইয়া

বিজে-০১৮৫১২০০৫৪১

সহকারী কারা মহাপরিদর্শক (প্রশাসন)

পক্ষে - কারা মহাপরিদর্শক

aig.adm@prison.gov.bd